Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

# Madhyamik Examination - 2017

## বিভাগ-ক

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×২০=২০

১.১ ভারতে ফুটবল খেলা প্রবর্তন করেন — (ক) ইংরেজরা, (খ) ওলন্দাজরা, (গ) ফরাসিরা, (ঘ) পোর্তুগিজরা।

১.২ বিপিনচন্দ্র পাল লিখেছেন — (ক) সত্তর বৎসর, (খ) জীবনস্মৃতি, (গ) এ নেশন ইন মেকিং, (ঘ) আনন্দমঠ।

১.৩ 'বামাবোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন —
(ক) উমেশচন্দ্র দত্ত, (খ) শিশির কুমার ঘোষ, (গ) কৃয়চন্দ্র মজুমদার, (ঘ) দ্বারকানাথ বিদ্যাভূষণ।

১.৪ সাধারণ জনশিক্ষা কমিটি গঠিত হয় — (ক) ১৭১৩ খ্রিস্টাব্দে, (খ) ১৯১৩ খ্রিস্টাব্দে, (গ) ১৮১৩ খ্রিস্টাব্দে, (ঘ) ১৮২৩ খ্রিস্টাব্দে।

১.৫ নববিধান প্রতিষ্ঠা করেছিলেন — (ক) দয়ানন্দ সরস্বতী, (খ) কেশবচন্দ্র সেন, (গ) স্বামী বিবেকানন্দ, (ঘ) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর।

১.৬ সুই মুন্ডা নেতৃত্ব দিয়েছিলেন — (ক) চুয়াড় বিদ্রোহে, (খ) কোল বিদ্রোহে, (গ) সাঁওতাল হুলে, (ঘ) মুন্ডা বিদ্রোহে।

১.৭ ১৮৭৮ খ্রিস্টাব্দের অরণ্য আইনে অরণ্যকে ভাগ করা হয় — (ক) দুটি স্তরে, (খ) তিনটি স্তরে, (গ) চারটি স্তরে, (ঘ) পাঁচটি স্তরে।

১.৮ ১৮৫৭ সালের মহাবিদ্রোহকে 'ভারতের প্রথম স্বাধীনতার যুদ্ধ' বলেছিলেন —
(ক) সুভাষচন্দ্র বসু, (খ) জওহরলাল নেহরু, (গ) ভি ডি সাভারকর, (ঘ) রাসবিহারী বসু।

১.৯ ভারতের প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান হল —
(ক) ভারতসভা, (খ) ভারতের জাতীয় কংগ্রেস, (গ) বঙ্গভাষা প্রকাশিকা সভা, (ঘ) ল্যান্ড হোল্ডার্স সোসাইটি।

১.১০ 'ভারতমাতা' চিত্রটি আঁকেন — (ক) অবনীন্দ্রনাথ ঠাকুর, (খ) রবীন্দ্রনাথ ঠাকুর, (গ) নন্দলাল বসু, (ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর।

১.১১ ভারতে 'হাফটোন' প্রিন্টিং পদ্ধতি প্রবর্তন করেন —
(ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, (খ) সুকুমার রায়, (গ) পঞ্চানন কর্মকার, (ঘ) চার্লস উইলকিনস।

১.১২ বিশ্বভারতী প্রতিষ্ঠা করেন — (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, (খ) রবীন্দ্রনাথ ঠাকুর, (গ) স্বামী বিবেকানন্দ, (ঘ) দেবেন্দ্রনাথ ঠাকুর।

১.১৩ 'একা' আন্দোলনের নেতা ছিলেন — (ক) মাদারি পাসি, (খ) ড. আম্বেদকর, (গ) মহাত্মা গান্ধি, (ঘ) বাবা রামচন্দ্র।

১.১৪ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন প্রতিষ্ঠা হয়েছিল — (ক) ১৯১৭ খ্রি, (খ) ১৯২০ খ্রি, (গ) ১৯২৭ খ্রি, (ঘ) ১৯২৯ খ্রি।

১.১৫ বারদৌলি সত্যাগ্রহ হয়েছিল — (ক) বোম্বাই-এ, (খ) পাঞ্জাবে, (গ) মাদ্রাজে, (ঘ) গুজরাটে।

১.১৬ বঙ্গভঙ্গবিরোধী আন্দোলন হয়েছিল — (ক) ১৯০৪ খ্রিস্টাব্দে, (খ) ১৯০৫ খ্রিস্টাব্দে, (গ) ১৯০৬ খ্রিস্টাব্দে, (ঘ) ১৯১১ খ্রিস্টাব্দে।

১.১৭ মাতঙ্গিনী হাজরা 'ভারত ছাড়ো' আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন যে স্থানে —
(ক) তমলুক, (খ) সুতাহাটা, (গ) বরিশাল, (ঘ) পুরুলিয়া।

১.১৮ দীপালি সংঘ প্রতিষ্ঠা করেছিলেন — (ক) কল্পনা দত্ত, (খ) লীলা নাগ (রায়), (গ) বাসন্তী দেবী, (ঘ) বীণা দাস।

১.১৯ ভারতের 'লৌহমানব' বলা হয়—
(ক) মহাত্মা গান্ধিকে, (খ) সর্দার বল্লভভাই প্যাটেলকে, (গ) মহম্মদ আলি জিন্নাহ্‌কে, (ঘ) রাজেন্দ্র প্রসাদকে।

১.২০ 'Train to Pakistan' গ্রন্থটি লিখেছিলেন — (ক) জওহরলাল নেহরু, (খ) ভি পি মেনন, (গ) খুশবন্ত সিং, (ঘ) সলমন রুশদি।

## বিভাগ-খ

২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও) ১×১৬=১৬

**উপবিভাগ ২.১ একটি বাক্যে উত্তর দাও :**

২.১.১ 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক কে ছিলেন? ২.১.২ সরকারি নথিপত্র কোথায় সংরক্ষণ করা হয়? ২.১.৩ বাংলায় কোন্ শতককে 'নবজাগরণের শতক' বলা হয়? ২.১.৪ 'উলগুলান' বলতে কী বোঝায়?

**উপবিভাগ ২.২ ঠিক বা ভুল নির্ণয় করো :**

২.২.১ শ্রীরামকৃয় রামকৃয় মিশন প্রতিষ্ঠা করেছিলেন। ২.২.২ মহাবিদ্রোহের সময় ভারতের গভর্নর জেনারেল ছিলেন লর্ড ডালহৌসি। ২.২.৩ 'গোরা' উপন্যাসে রবীন্দ্রনাথ ঠাকুর ইউরোপীয় সমাজকে সমর্থন করেছিলেন। ২.২.৪ গান্ধিজি ও ড. আম্বেদকর যৌথভাবে দলিত আন্দোলন করেছিলেন।

**উপবিভাগ ২.৩ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| 'ক' স্তম্ভ | | 'খ' স্তম্ভ | |
|---|---|---|---|
| ২.৩.১ | অরবিন্দ ঘোষ | (১) | আজাদ হিন্দ ফৌজ |
| ২.৩.২ | তারকনাথ পালিত | (২) | বেঙ্গল ন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ |
| ২.৩.৩ | নবগোপাল মিত্র | (৩) | বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট |
| ২.৩.৪ | রশিদ আলি | (৪) | হিন্দুমেলা |

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

**উপবিভাগ ২.৪** প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো :

২.৪.১ সাঁওতাল বিদ্রোহের এলাকা, ২.৪.২ নীল বিদ্রোহের একটি কেন্দ্র, ২.৪.৩ দেশীয় রাজ্য হায়দরাবাদ, ২.৪.৪ পুনর্গঠিত রাজ্য গুজরাট।

**উপবিভাগ ২.৫** নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :

২.৫.১ বিবৃতি : 'একা' আন্দোলন সংগঠিত হয়েছিল উত্তরপ্রদেশে।
- ব্যাখ্যা ১ : এটি ছিল ব্যক্তিগত আন্দোলন।
- ব্যাখ্যা ২ : এটি ছিল একটি কৃষক আন্দোলন।
- ব্যাখ্যা ৩ : এটি ছিল একটি শ্রমিক আন্দোলন।

২.৫.২ বিবৃতি : ভারত সরকার ১৯২৯ খ্রিস্টাব্দে মিরাট ষড়যন্ত্র মামলা শুরু করে।
- ব্যাখ্যা ১ : এর উদ্দেশ্য ছিল বিপ্লবীদের দমন করা।
- ব্যাখ্যা ২ : এর উদ্দেশ্য ছিল আইন অমান্য আন্দোলন দমন করা।
- ব্যাখ্যা ৩ : এর উদ্দেশ্য ছিল দেশব্যাপী সাম্যবাদী কার্যকলাপ দমন করা।

২.৫.৩ বিবৃতি : বিংশ শতকের ভারতে উপনিবেশবিরোধী আন্দোলনে বামপন্থীদের উল্লেখযোগ্য ভূমিকা ছিল।
- ব্যাখ্যা ১ : বামপন্থীরা ছিল জমিদার ও শিল্পপতিদের সমর্থক।
- ব্যাখ্যা ২ : তারা ছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের সমর্থক।
- ব্যাখ্যা ৩ : তারা ছিল শ্রমিক কৃষকদের ব্রিটিশবিরোধী ঐক্যবদ্ধ সংগ্রামের সমর্থক।

২.৫.৪ বিবৃতি : ভারতের নারীরা জাতীয় আন্দোলনে প্রথম অংশ নিয়েছিল বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনের সময়।
- ব্যাখ্যা ১ : কারণ তারা গান্ধিজির দ্বারা অনুপ্রাণিত হয়েছিল।
- ব্যাখ্যা ২ : কারণ তারা অরবিন্দ ঘোষের বিপ্লবী ভাবধারার দ্বারা অনুপ্রাণিত হয়েছিল।
- ব্যাখ্যা ৩ : কারণ তারা বিদেশি দ্রব্য বর্জন করতে চেয়েছিল।

## বিভাগ-গ

**৩.** **দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো ১১টি)** ২×১১=২২

৩.১ সামাজিক ইতিহাস কী?
৩.২ ইতিহাসের উপাদানরূপে সংবাদপত্রের গুরুত্ব কী?
৩.৩ বাংলার নারীশিক্ষা বিস্তারে রাজা রাধাকান্ত দেবের ভূমিকা বিশ্লেষণ করো।
৩.৪ ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ বিভক্ত হল কেন?
৩.৫ ফরাজি আন্দোলন কি ধর্মীয় পুনর্জাগরণের আন্দোলন?
৩.৬ নীলকররা নীলচাষিদের ওপর কীভাবে অত্যাচার করত তা সংক্ষেপে আলোচনা করো।
৩.৭ উনিশ শতকের দ্বিতীয়ার্ধকে 'সভাসমিতির যুগ' বলা হয় কেন?
৩.৮ 'আনন্দমঠ' উপন্যাস কীভাবে জাতীয়তাবাদী ভাবধারাকে উদ্দীপ্ত করেছিল?
৩.৯ উনিশ শতকে বিজ্ঞান শিক্ষার বিকাশে 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অফ সায়েন্স'-এর ভূমিকা কী ছিল?
৩.১০ 'বিশ্বভারতী' প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?
৩.১১ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল?
৩.১২ 'ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস পার্টি' কেন প্রতিষ্ঠিত হয়েছিল?
৩.১৩ রশিদ আলি দিবস কেন পালিত হয়েছিল?
৩.১৪ 'দলিত' কাদের বলা হয়?
৩.১৫ দেশীয় রাজ্যগুলির ভারতভুক্তির দলিল বলতে কী বোঝায়?
৩.১৬ ১৯৫০ সালে কেন নেহরু-লিয়াকৎ চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?

## বিভাগ-ঘ

**৪.** **সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে)** ৪×৬=২৪

**উপবিভাগ ঘ.১**
৪.১ নারী ইতিহাসের ওপর একটি টীকা লেখো।
৪.২ স্বামী বিবেকানন্দের ধর্মসংস্কারের আদর্শ ব্যাখ্যা করো।

**উপবিভাগ ঘ.২**
৪.৩ ১৮৫৫ খ্রিস্টাব্দে সাঁওতালরা বিদ্রোহ করেছিল কেন?
৪.৪ ১৮৫৭ খ্রিস্টাব্দের মহাবিদ্রোহের প্রতি শিক্ষিত বাঙালি সমাজের কীরূপ মনোভাব ছিল?

**উপবিভাগ ঘ.৩**
৪.৫ ছাপা বইয়ের সঙ্গে শিক্ষাবিস্তারের সম্পর্ক বিশ্লেষণ করো।
৪.৬ কারিগরি শিক্ষার বিকাশে বাংলায় বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউটের কী ভূমিকা ছিল?

MadhyamikQuestionPapers.COM

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

উপবিভাগ ঘ.৪ ৪.৭ দলিত আন্দোলন বিষয়ে গান্ধি-আম্বেদকর বিতর্ক নিয়ে একটি টীকা লেখো।

৪.৮ স্বাধীনতার পরে ভাষার ভিত্তিতে ভারত কীভাবে পুনর্গঠিত হয়েছিল?

বিভাগ-ঙ

৫. পনেরো বা ষোলোটি বাক্যে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ শিক্ষাবিস্তারে প্রাচ্যবাদী ও পাশ্চাত্যবাদী বিতর্ক কী? উচ্চশিক্ষার বিকাশে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা আলোচনা করো। ৫+৩

৫.২ সংক্ষেপে মহাবিদ্রোহের (১৮৫৭ খ্রিস্টাব্দ) চরিত্র বিশ্লেষণ করো।

৫.৩ সশস্ত্র বিপ্লবী আন্দোলনে নারীদের ভূমিকা বিশ্লেষণ করো।

## Madhyamik Examination - 2018

বিভাগ-ক

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×২০=২০

১.১ 'জীবনের ঝরাপাতা' গ্রন্থটি হল একটি — (ক) উপন্যাস, (খ) কাব্যগ্রন্থ, (গ) জীবনীগ্রন্থ, (ঘ) আত্মজীবনী।

১.২ 'সোমপ্রকাশ' ছিল একটি — (ক) দৈনিক পত্রিকা, (খ) সাপ্তাহিক পত্রিকা, (গ) পাক্ষিক পত্রিকা, (ঘ) মাসিক পত্রিকা।

১.৩ 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদের প্রকাশক ছিলেন —
(ক) কালীপ্রসন্ন সিংহ, (খ) মাইকেল মধুসূদন দত্ত, (গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায়, (ঘ) রেভা: জেমস লঙ।

১.৪ সতীদাহপ্রথা রদ হয় — (ক) ১৮২৮ খ্রিস্টাব্দে, (খ) ১৮২৯ খ্রিস্টাব্দে, (গ) ১৮৩০ খ্রিস্টাব্দে, (ঘ) ১৮৫৬ খ্রিস্টাব্দে।

১.৫ সর্বধর্মসমন্বয়ের আদর্শ প্রচার করেছিলেন — (ক) বিজয়কৃষ্ণ গোস্বামী, (খ) স্বামী বিবেকানন্দ, (গ) শ্রীরামকৃষ্ণ, (ঘ) কেশবচন্দ্র সেন।

১.৬ কোল বিদ্রোহ (১৮৩১-৩২ খ্রিস্টাব্দ) অনুষ্ঠিত হয়েছিল — (ক) মেদিনীপুরে, (খ) ঝাড়গ্রামে, (গ) ছোটোনাগপুরে, (ঘ) রাঁচিতে।

১.৭ ভারতে প্রথম অরণ্য আইন পাস হয় — (ক) ১৮৫৯ খ্রিস্টাব্দে, (খ) ১৮৬০ খ্রিস্টাব্দে, (গ) ১৮৬৫ খ্রিস্টাব্দে, (ঘ) ১৮৭৮ খ্রিস্টাব্দে।

১.৮ ১৮৫৭ খ্রিস্টাব্দের বিদ্রোহকে 'ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ' বলেছেন —
(ক) রমেশচন্দ্র মজুমদার, (খ) সুরেন্দ্রনাথ সেন, (গ) বিনায়ক দামোদর সাভারকর, (ঘ) দাদাভাই নৌরজি।

১.৯ ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে —
(ক) ১৮৫৭ খ্রিস্টাব্দে, (খ) ১৮৫৮ খ্রিস্টাব্দে, (গ) ১৯১৯ খ্রিস্টাব্দে, (ঘ) ১৯৪৭ খ্রিস্টাব্দে।

১.১০ ভারতসভার প্রথম সভাপতি ছিলেন —
(ক) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, (খ) আনন্দমোহন বসু, (গ) রেভা: কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, (ঘ) শিবনাথ শাস্ত্রী।

১.১১ বাংলা ভাষায় প্রথম ছাপা বই হল —
(ক) বর্ণপরিচয়, (খ) এ গ্রামার অফ দ্য বেঙ্গল ল্যাঙ্গুয়েজ, (গ) মঙ্গল সমাচার মতিয়ের, (ঘ) অন্নদামঙ্গল।

১.১২ 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অফ সায়েন্স'-এর যে বিজ্ঞানী নোবেল পুরস্কার পেয়েছিলেন —
(ক) জগদীশচন্দ্র বসু, (খ) সি ভি রমন, (গ) প্রফুল্লচন্দ্র রায়, (ঘ) সত্যেন্দ্রনাথ বসু।

১.১৩ বয়কট আন্দোলনের ফলে অর্থনৈতিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হয়েছিল —
(ক) বাংলার কৃষকশ্রেণি, (খ) মধ্যবিত্তশ্রেণি, (গ) জমিদারশ্রেণি, (ঘ) ছাত্রসমাজ।

১.১৪ বাবা রামচন্দ্র কৃষক আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন — (ক) বিহারে, (খ) যুক্তপ্রদেশে, (গ) রাজস্থানে, (ঘ) মহারাষ্ট্রে।

১.১৫ রম্পা উপজাতীয় বিদ্রোহ সংঘটিত হয় — (ক) মালাবার অঞ্চলে, (খ) কোঙ্কণ উপকূলে, (গ) ওড়িশায়, (ঘ) গোদাবরী উপত্যকায়।

১.১৬ 'নারী কর্মমন্দির' প্রতিষ্ঠা করেছিলেন — (ক) উর্মিলা দেবী, (খ) বাসন্তী দেবী, (গ) কল্পনা দত্ত, (ঘ) লীলা রায় (নাগ)।

১.১৭ সূর্য সেন প্রতিষ্ঠিত বিপ্লবী দলের নাম ছিল —
(ক) অনুশীলন সমিতি, (খ) গদর দল, (গ) ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি, (ঘ) বেঙ্গল ভলান্টিয়ার্স।

১.১৮ দলিতদের 'হরিজন' আখ্যা দিয়েছিলেন — (ক) জ্যোতিবা ফুলে, (খ) শ্রীনারায়ণ গুরু, (গ) গান্ধিজি, (ঘ) ড. আম্বেদকর।

১.১৯ স্বতন্ত্র ভাষাভিত্তিক অন্ধ্রপ্রদেশ গঠিত হয় — (ক) ১৯৪৭ খ্রিস্টাব্দে, (খ) ১৯৫০ খ্রিস্টাব্দে, (গ) ১৯৫৩ খ্রিস্টাব্দে, (ঘ) ১৯৫৫ খ্রিস্টাব্দে।

১.২০ গোয়া ভারতভুক্ত হয় — (ক) ১৯৪৭ খ্রিস্টাব্দে, (খ) ১৯৫৬ খ্রিস্টাব্দে, (গ) ১৯৬১ খ্রিস্টাব্দে, (ঘ) ১৯৭১ খ্রিস্টাব্দে।

বিভাগ-খ

২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও) ১×১৬=১৬

উপবিভাগ ২.১ একটি বাক্যে উত্তর দাও :

২.১.১ 'ভারতমাতা' চিত্রটি কোন্ ঐতিহাসিক ঘটনার পটভূমিকায় অঙ্কিত? ২.১.২ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস (১৯২০) কোথায় প্রতিষ্ঠিত হয়? ২.১.৩ ফরওয়ার্ড ব্লক কোন্ বছর প্রতিষ্ঠিত হয়? ২.১.৪ মতুয়া সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে?

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

**উপবিভাগ ২.২ ঠিক বা ভুল নির্ণয় করো :**

২.২.১ মধ্যবিত্ত শিক্ষিত বাঙালিকে নৃত্যের বিষয়ে আগ্রহী করে তুলেছিলেন উদয়শংকর। ২.২.২ ভারতসভা ইলবার্ট বিলের বিরোধিতা করেছিল। ২.২.৩ ফরাজি একটি প্রাচীন উপজাতির নাম। ২.২.৪ বাংলায় লাইনোটাইপ প্রবর্তন করেন বিদ্যাসাগর।

**উপবিভাগ ২.৩ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| 'ক' স্তম্ভ | | 'খ' স্তম্ভ | |
|---|---|---|---|
| ২.৩.১ | জওহরলাল নেহরু | (১) | অসহযোগ আন্দোলন |
| ২.৩.২ | বীরেন্দ্রনাথ শাসমল | (২) | পুনা চুক্তি (১৯৩২) |
| ২.৩.৩ | কালীপ্রসন্ন সিংহ | (৩) | লেটারস ফ্রম এ ফাদার টু হিজ ডটার |
| ২.৩.৪ | ড. আম্বেদকর | (৪) | হুতোম প্যাঁচার নকশা |

**উপবিভাগ ২.৪ প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো :**

২.৪.১ চুয়াড় বিদ্রোহের এলাকা, ২.৪.২ মুন্ডা বিদ্রোহের এলাকা, ২.৪.৩ মহাবিদ্রোহের (১৮৫৭) কেন্দ্র ঝাঁসি, ২.৪.৪ দেশীয় রাজ্য জুনাগড়।

**উপবিভাগ ২.৫ নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :**

২.৫.১ বিবৃতি : উনিশ শতকে বাংলার নবজাগরণের ব্যাপ্তি ছিল খুবই সীমিত।
ব্যাখ্যা ১ : কারণ শুধুমাত্র গ্রাম বাংলায় নবজাগরণ হয়েছিল।
ব্যাখ্যা ২ : কারণ এই নবজাগরণ সীমিত ছিল শুধুমাত্র সাহিত্যের ক্ষেত্রে।
ব্যাখ্যা ৩ : কারণ এই নবজাগরণ শুধুমাত্র পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত প্রগতিশীল সমাজের মধ্যে সীমিত ছিল।

২.৫.২ বিবৃতি : ১৮৭২ খ্রিস্টাব্দে ইংরেজ সরকার 'তিন আইন' পাস করে।
ব্যাখ্যা ১ : এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল হিন্দু-মুসলমান-খ্রিস্টান সমাজকে ঐক্যবদ্ধ করা।
ব্যাখ্যা ২ : এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল জনগণের অর্থনৈতিক-সামাজিক-সাংস্কৃতিক উন্নতি সাধন করা।
ব্যাখ্যা ৩ : এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল বাল্যবিবাহ ও বহুবিবাহ নিষিদ্ধ করা এবং বিধবাবিবাহ আইনসিদ্ধ করা।

২.৫.৩ বিবৃতি : রবীন্দ্রনাথ ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থা পছন্দ করতেন না।
ব্যাখ্যা ১ : কারণ, এই শিক্ষাব্যবস্থা ছিল ব্যয়সাপেক্ষ।
ব্যাখ্যা ২ : কারণ, এই শিক্ষাব্যবস্থার মাধ্যম ছিল মাতৃভাষা।
ব্যাখ্যা ৩ : কারণ, এই শিক্ষাব্যবস্থা শিক্ষার্থীদের মনের বিকাশ ঘটাত না।

২.৫.৪ বিবৃতি : সরলাদেবী চৌধুরানি লক্ষ্মীর ভাণ্ডার প্রতিষ্ঠা করেছিলেন।
ব্যাখ্যা ১ : বিদেশি পণ্য বিক্রির জন্য।
ব্যাখ্যা ২ : আন্দোলনকারী মহিলাদের সাহায্যের জন্য।
ব্যাখ্যা ৩ : স্বদেশি পণ্য বিক্রির জন্য।

## বিভাগ-গ

**৩. দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো ১১টি)** ২×১১=২২

৩.১ পরিবেশের ইতিহাসের গুরুত্ব কী?
৩.২ স্মৃতিকথা অথবা আত্মজীবনীকে কীভাবে আধুনিক ভারতের ইতিহাসচর্চার উপাদানরূপে ব্যবহার করা হয়?
৩.৩ 'মেকলে মিনিট' কী?
৩.৪ সমাজসংস্কারে নব্যবঙ্গদের ভূমিকা কী ছিল?
৩.৫ দুদু মিঞা স্মরণীয় কেন?
৩.৬ নীল বিদ্রোহে হরিশচন্দ্র মুখোপাধ্যায়ের ভূমিকা কীরূপ ছিল?
৩.৭ মহারানির ঘোষণাপত্রের (১৮৫৮ খ্রিস্টাব্দ) মূল উদ্দেশ্য কী ছিল?
৩.৮ ব্যঙ্গচিত্র কেন আঁকা হয়?
৩.৯ বাংলার ছাপাখানার বিকাশে পঞ্চানন কর্মকারের ভূমিকা কী ছিল?
৩.১০ বাংলার মুদ্রণের ইতিহাসে বটতলা প্রকাশনার গুরুত্ব কী?
৩.১১ 'একা' আন্দোলন শুরু হয় কেন?
৩.১২ বারদৌলি সত্যাগ্রহ আন্দোলন কেন শুরু হয়?
৩.১৩ অ্যান্টি সার্কুলার সোসাইটি কেন প্রতিষ্ঠিত হয়?

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

৩.১৪ দীপালি সংঘ কেন প্রতিষ্ঠিত হয়?

৩.১৫ কী পরিস্থিতিতে কাশ্মীরের রাজা হরি সিং ভারতভুক্তির দলিলে স্বাক্ষর করেন?

৩.১৬ রাজ্য পুনর্গঠন কমিশন (১৯৫৩ খ্রিস্টাব্দ) কেন গঠিত হয়েছিল?

## বিভাগ-ঘ

**৪.** সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে) ৪×৬=২৪

উপবিভাগ ঘ.১ ৪.১ 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে উনিশ শতকের বাংলার কীরূপ সমাজচিত্র পাওয়া যায়?

৪.২ এদেশের চিকিৎসাবিদ্যার ক্ষেত্রে কলকাতা মেডিকেল কলেজের কীরূপ ভূমিকা ছিল?

উপবিভাগ ঘ.২ ৪.৩ কী উদ্দেশ্যে ঔপনিবেশিক সরকার অরণ্য আইন প্রণয়ন করেন?

৪.৪ ১৮৫৭-এর মহাবিদ্রোহকে কি সামন্তশ্রেণির বিদ্রোহ বলা যায়?

উপবিভাগ ঘ.৩ ৪.৫ বাংলায় মুদ্রণশিল্পের বিকাশে গঙ্গাকিশোর ভট্টাচার্যের কীরূপ অবদান ছিল?

৪.৬ শ্রীরামপুর মিশন প্রেস কীভাবে একটি অগ্রণী মুদ্রণ প্রতিষ্ঠানে পরিণত হল?

উপবিভাগ ঘ.৪ ৪.৭ সংক্ষিপ্ত টীকা লেখো : দেশবিভাগ জনিত (১৯৪৭) উদ্‌বাস্তু সমস্যা।

৪.৮ হায়দরাবাদ রাজ্যটি কীভাবে ভারতভুক্ত হয়েছিল?

## বিভাগ-ঙ

**৫.** পনেরো বা ষোলোটি বাক্যে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ উনিশ শতকের বাংলায় সমাজসংস্কার আন্দোলনে ব্রাহ্মসমাজগুলির কীরূপ ভূমিকা ছিল?

৫.২ মানুষ, প্রকৃতি ও শিক্ষার সমন্বয় বিষয়ে রবীন্দ্রনাথের চিন্তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫.৩ বিংশ শতকের ভারতে উপনিবেশবিরোধী আন্দোলনে বামপন্থীদের ভূমিকা আলোচনা করো।

# Madhyamik Examination - 2019

## বিভাগ-ক

**১.** সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×২০=২০

১.১ মোহনবাগান ক্লাব আই এফ এ শিল্ড জয় করেছিল — (ক) ১৮৯০ খ্রি, (খ) ১৯০৫ খ্রি, (গ) ১৯১১ খ্রি, (ঘ) ১৯১৭ খ্রি।

১.২ দাদাসাহেব ফালকে যুক্ত ছিলেন —
(ক) চলচ্চিত্রের সঙ্গো, (খ) ক্রীড়া জগতের সঙ্গো, (গ) স্থানীয় ইতিহাসচর্চার সঙ্গো, (ঘ) পরিবেশের ইতিহাসচর্চার সঙ্গো।

১.৩ 'গ্রামবার্ত্তা প্রকাশিকা' প্রকাশিত হত — (ক) যশোর থেকে, (খ) রানাঘাট থেকে, (গ) কুষ্ঠিয়া থেকে, (ঘ) বারাসত থেকে।

১.৪ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বি এ পরীক্ষা অনুষ্ঠিত হয় —
(ক) ১৮৫৭ খ্রিস্টাব্দে, (খ) ১৮৫৮ খ্রিস্টাব্দে, (গ) ১৮৫৯ খ্রিস্টাব্দে, (ঘ) ১৮৬০ খ্রিস্টাব্দে।

১.৫ কলকাতা মেডিকেল কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন —
(ক) ডা. এম জে ব্রামলি, (খ) ডা. এইচ এইচ গুডিভ, (গ) ড. এন ওয়ালিশ, (ঘ) ড. জে গ্রান্ট।

১.৬ তিতুমিরের প্রকৃত নাম ছিল — (ক) চিরাগ আলি, (খ) হায়দার আলি, (গ) মির নিশার আলি, (ঘ) তোরাপ আলি।

১.৭ সন্ন্যাসী-ফকির বিদ্রোহের অন্যতম নেতা ছিলেন — (ক) রানি কর্ণাবতী, (খ) রানি শিরোমণি, (গ) দেবী চৌধুরানী, (ঘ) রানি দুর্গাবতী।

১.৮ 'বন্দেমাতরম' সংগীতটি রচিত হয় — (ক) ১৮৭০ খ্রিস্টাব্দে, (খ) ১৮৭২ খ্রিস্টাব্দে, (গ) ১৮৭৫ খ্রিস্টাব্দে, (ঘ) ১৮৭৬ খ্রিস্টাব্দে।

১.৯ 'বর্তমান ভারত' গ্রন্থটি রচনা করেন — (ক) অক্ষয়কুমার দত্ত, (খ) রাজনারায়ণ বসু, (গ) স্বামী বিবেকানন্দ, (ঘ) রমেশচন্দ্র মজুমদার।

১.১০ গগনেন্দ্রনাথ ঠাকুর ছিলেন — (ক) সংগীত শিল্পী, (খ) নাট্যকার, (গ) কবি, (ঘ) ব্যঙ্গচিত্র শিল্পী।

১.১১ 'বর্ণপরিচয়' প্রকাশিত হয়েছিল — (ক) ১৮৪৫ খ্রিস্টাব্দে, (খ) ১৮৫০ খ্রিস্টাব্দে, (গ) ১৮৫৫ খ্রিস্টাব্দে, (ঘ) ১৮৬০ খ্রিস্টাব্দে।

১.১২ বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট প্রতিষ্ঠিত হয় — (ক) ১৯০৫ খ্রি, (খ) ১৯০৬ খ্রি, (গ) ১৯১১ খ্রি, (ঘ) ১৯১২ খ্রি।

১.১৩ সর্বভারতীয় কিষান সভার প্রথম সভাপতি ছিলেন —
(ক) এন জি রঙ্গা, (খ) স্বামী সহজানন্দ, (গ) বাবা রামচন্দ্র, (ঘ) লালা লাজপত রায়।

১.১৪ কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়েছিল — (ক) কলকাতায়, (খ) দিল্লিতে, (গ) বোম্বাইতে, (ঘ) মাদ্রাজে।

১.১৫ 'ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস পার্টি' যুক্ত ছিল —
(ক) রাওলাট সত্যাগ্রহে, (খ) অসহযোগ আন্দোলনে, (গ) বারদৌলি সত্যাগ্রহে, (ঘ) সাইমন কমিশন বিরোধী আন্দোলনে।

MadhyamikQuestionPapers.COM

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

১.১৬ বাংলার গভর্নর স্ট্যানলি জ্যাকসনকে হত্যা করার চেষ্টা করেন —
(ক) বীণা দাস, (খ) কল্পনা দত্ত, (গ) প্রীতিলতা ওয়াদ্দেদার, (ঘ) সুনীতি চৌধুরি।

১.১৭ অ্যান্টি সার্কুলার সোসাইটির সম্পাদক ছিলেন —
(ক) শচীন্দ্রপ্রসাদ বসু, (খ) কৃষ্ণকুমার মিত্র, (গ) চিত্তরঞ্জন দাস, (ঘ) আনন্দমোহন বসু।

১.১৮ ভাইকম সত্যাগ্রহ অনুষ্ঠিত হয়েছিল — (ক) মালাবারে, (খ) মাদ্রাজে, (গ) মহারাষ্ট্রে, (ঘ) গোদাবরী উপত্যকায়।

১.১৯ যে দেশীয় রাজ্যটি গণভোটের মাধ্যমে ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত হয় —
(ক) কাশ্মীর, (খ) হায়দরাবাদ, (গ) জুনাগড়, (ঘ) জয়পুর।

১.২০ ভাষাভিত্তিক গুজরাট রাজ্যটি গঠিত হয় — (ক) ১৯৫৩ খ্রিস্টাব্দে, (খ) ১৯৫৬ খ্রিস্টাব্দে, (গ) ১৯৬০ খ্রিস্টাব্দে, (ঘ) ১৯৬৫ খ্রিস্টাব্দে।

## বিভাগ-খ

**২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও)** ১×১৬=১৬

**উপবিভাগ ২.১ একটি বাক্যে উত্তর দাও :**

২.১.১ 'গোরা' উপন্যাসটি কে রচনা করেন? ২.১.২ বাংলা ভাষায় প্রকাশিত প্রথম চিত্রিত গ্রন্থের নাম লেখো। ২.১.৩ কোন্ বছর শ্রীরামপুর মিশন প্রেস প্রতিষ্ঠিত হয়? ২.১.৪ উষা মেহতা কোন্ আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?

**উপবিভাগ ২.২ ঠিক বা ভুল নির্ণয় করো :**

২.২.১ 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক ছিলেন দ্বারকানাথ বিদ্যাভূষণ। ২.২.২ কলকাতা বিশ্ববিদ্যালয়-এর প্রথম মহিলা এম এ ছিলেন কাদম্বিনী বসু (গাঙ্গুলি)। ২.২.৩ বাংলায় সশস্ত্র বিপ্লবী আন্দোলনের অন্যতম নেত্রী ছিলেন বাসন্তী দেবী। ২.২.৪ দীপালি সংঘ প্রতিষ্ঠা করেন কল্পনা দত্ত।

**উপবিভাগ ২.৩ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| 'ক' স্তম্ভ | | 'খ' স্তম্ভ | |
|---|---|---|---|
| ২.৩.১ | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | (১) | হিন্দু বালিকা বিদ্যালয় |
| ২.৩.২ | নবগোপাল মিত্র | (২) | কৃষক আন্দোলন |
| ২.৩.৩ | বীরেন্দ্রনাথ শাসমল | (৩) | হিন্দুমেলা |
| ২.৩.৪ | ড্রিংকওয়াটার বেথুন | (৪) | বঙ্গদর্শন |

**উপবিভাগ ২.৪ প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো :**

২.৪.১ সাঁওতাল বিদ্রোহের (১৮৫৫) এলাকা, ২.৪.২ বারাসত বিদ্রোহের এলাকা, ২.৪.৩ নীল বিদ্রোহের অন্যতম কেন্দ্র : যশোর, ২.৪.৪ দেশীয় রাজ্য হায়দরাবাদ।

**উপবিভাগ ২.৫ নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :**

২.৫.১ বিবৃতি : রামমোহন রায় লর্ড আমহার্স্টকে চিঠি লিখেছিলেন (১৮২৩ খ্রিস্টাব্দ)।
ব্যাখ্যা ১ : সতীদাহপ্রথা বন্ধের অনুরোধ জানিয়ে।
ব্যাখ্যা ২ : ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে।
ব্যাখ্যা ৩ : ভারতে সংস্কৃত শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে।

২.৫.২ বিবৃতি : স্বামী বিবেকানন্দ 'বর্তমান ভারত' গ্রন্থটি রচনা করেন।
ব্যাখ্যা ১ : তাঁর উদ্দেশ্য ছিল আধুনিক ভারতের ইতিহাস প্রণয়ন করা।
ব্যাখ্যা ২ : তাঁর উদ্দেশ্য ছিল নব্য হিন্দুধর্ম প্রচার করা।
ব্যাখ্যা ৩ : তাঁর উদ্দেশ্য ছিল স্বাদেশিকতা প্রচার করা।

২.৫.৩ বিবৃতি : বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনে শ্রমিক-কৃষকদের জন্য কোনো কর্মসূচি গ্রহণ করা হয়নি।
ব্যাখ্যা ১ : শ্রমিক-কৃষকরা এই আন্দোলনের বিরোধী ছিল।
ব্যাখ্যা ২ : ব্রিটিশ সরকার শ্রমিক-কৃষকদের আন্দোলনের ওপর নিষেধাজ্ঞা জারি করেছিল।
ব্যাখ্যা ৩ : বঙ্গভঙ্গবিরোধী আন্দোলন ছিল মূলত মধ্যবিত্ত শ্রেণির আন্দোলন।

২.৫.৪ বিবৃতি : গান্ধিজি জমিদারদের বিরুদ্ধে কৃষক আন্দোলন সমর্থন করেননি।
ব্যাখ্যা ১ : গান্ধিজি ছিলেন জমিদারশ্রেণির প্রতিনিধি।
ব্যাখ্যা ২ : গান্ধিজি হিংসাত্মক আন্দোলনের বিরোধী ছিলেন।
ব্যাখ্যা ৩ : গান্ধিজি শ্রেণিসংগ্রামের পরিবর্তে শ্রেণিসমন্বয়ে বিশ্বাসী ছিলেন।

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

## বিভাগ-গ

**৩. দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো ১১টি)** ২×১১=২২

৩.১ আঞ্চলিক ইতিহাসচর্চা গুরুত্বপূর্ণ কেন?

৩.২ 'সরকারি নথিপত্র' বলতে কী বোঝায়?

৩.৩ সংবাদপত্র এবং সাময়িকপত্রের মধ্যে পার্থক্য কী?

৩.৪ মধুসূদন গুপ্ত কে ছিলেন?

৩.৫ সন্ন্যাসী-ফকির বিদ্রোহ ব্যর্থ হল কেন?

৩.৬ নীল বিদ্রোহে খ্রিস্টান মিশনারিদের ভূমিকা কীরূপ ছিল?

৩.৭ জমিদার সভা ও ভারতসভার মধ্যে দুটি পার্থক্য লেখো।

৩.৮ উনিশ শতকে জাতীয়তাবাদের উন্মেষে 'ভারতমাতা' চিত্রটির কীরূপ ভূমিকা ছিল?

৩.৯ চার্লস উইলকিনস্ কে ছিলেন?

৩.১০ বাংলায় লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী?

৩.১১ কৃষক আন্দোলনে বাবা রামচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল?

৩.১২ মাদারি পাসি কে ছিলেন?

৩.১৩ মাতঙ্গিনী হাজরা স্মরণীয় কেন?

৩.১৪ দলিত কাদের বলা হয়?

৩.১৫ দার কমিশন (১৯৪৮ খ্রিস্টাব্দ) কেন গঠিত হয়েছিল?

৩.১৬ পোত্তি শ্রীরামালু কে ছিলেন?

## বিভাগ-ঘ

**৪. সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে)** ৪×৬=২৪

**উপবিভাগ ঘ.১** ৪.১ 'নীলদর্পণ' নাটক থেকে উনিশ শতকের বাংলার সমাজের কীরূপ প্রতিফলন পাওয়া যায়?

৪.২ উনিশ শতকে নারীশিক্ষা বিস্তারে ড্রিংকওয়াটার বেথুন কী ভূমিকা গ্রহণ করেছিলেন?

**উপবিভাগ ঘ.২** ৪.৩ হিন্দুমেলা প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

৪.৪ 'বঙ্গভাষা প্রকাশিকা সভা'কে প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান বলা হয় কেন?

**উপবিভাগ ঘ.৩** ৪.৫ ছাপা বই-এর সঙ্গে শিক্ষাবিস্তারের সম্পর্ক বিশ্লেষণ করো।

৪.৬ বাংলায় বিজ্ঞানচর্চার বিকাশে ড. মহেন্দ্রলাল সরকারের কীরূপ অবদান ছিল?

**উপবিভাগ ঘ.৪** ৪.৭ ভারত সরকার কীভাবে দেশীয় রাজ্যগুলিকে ভারতীয় ইউনিয়নে সংযুক্ত করার প্রশ্নটি সমাধান করেছিল?

৪.৮ কীভাবে কাশ্মীর সমস্যার সৃষ্টি হয়?

## বিভাগ-ঙ

**৫. পনেরো বা ষোলোটি বাক্যে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৮×১=৮

৫.১ বিদ্যাসাগরের নেতৃত্বে বিধবাবিবাহ আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। বিদ্যাসাগর কতটা সাফল্য অর্জন করেছিলেন? ৫+৩

৫.২ বাংলায় কারিগরি শিক্ষার বিকাশের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫.৩ বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনে নারীসমাজ কীভাবে অংশগ্রহণ করেছিল? তাদের আন্দোলনের সীমাবদ্ধতা কী? ৫+৩

# Madhyamik Examination - 2020

## বিভাগ-ক

**১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :** ১×২০=২০

১.১ 'বিশ্ব পরিবেশ দিবস' পালিত হয় — (ক) ৮ জানুয়ারি, (খ) ২৪ ফেব্রুয়ারি, (গ) ৮ মার্চ, (ঘ) ৫ জুন।

১.২ ভারতীয়রা আলুর ব্যবহার শিখেছিল যাদের কাছ থেকে — (ক) পোর্তুগিজ, (খ) ইংরেজ, (গ) মোগল, (ঘ) ওলন্দাজ।

১.৩ প্রথম সরকারি শিক্ষা কমিশন (হান্টার কমিশন) গঠিত হয় — (ক) ১৮৭২ খ্রি, (খ) ১৮৭৮ খ্রি, (গ) ১৮৮২ খ্রি, (ঘ) ১৮৯০ খ্রি।

১.৪ দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্মসমাজে যোগ দেন —

(ক) ১৮৩০ খ্রিস্টাব্দে, (খ) ১৮৩৩ খ্রিস্টাব্দে, (গ) ১৮৪৩ খ্রিস্টাব্দে, (ঘ) ১৮৫০ খ্রিস্টাব্দে।

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

১.৫ বাংলার নবজাগরণ ছিল — (ক) ব্যক্তিকেন্দ্রিক, (খ) প্রতিষ্ঠানকেন্দ্রিক, (গ) কলকাতাকেন্দ্রিক, (ঘ) গ্রামকেন্দ্রিক।

১.৬ দ্বিতীয় অরণ্য আইনে (১৮৭৮) লাভবান হয়েছিল —
(ক) আদিবাসী সম্প্রদায়, (খ) ব্রিটিশ সরকার, (গ) ব্যবসায়ী শ্রেণি, (ঘ) ব্রিটিশ সরকার ও আদিবাসী শ্রেণি উভয়েই।

১.৭ 'হুল' কথাটির অর্থ হল — (ক) ঈশ্বর, (খ) স্বাধীনতা, (গ) অস্ত্র, (ঘ) বিদ্রোহ।

১.৮ মহারানির ঘোষণাপত্রের (১৮৫৮) প্রধান উদ্দেশ্য ছিল — (ক) ভারতবাসীর আনুগত্য অর্জন, (খ) ভারতে ব্রিটিশদের একচেটিয়া ব্যাবসার অধিকার লাভ, (গ) ভারতীয় প্রজাদের স্বায়ত্তশাসনের অধিকার প্রদান, (ঘ) মহাবিদ্রোহে (১৮৫৭) বন্দি ভারতীয়দের মুক্তিদান।

১.৯ ল্যান্ডহোল্ডার্স সোসাইটির সভাপতি ছিলেন —
(ক) রাজা রাধাকান্ত দেব, (খ) প্রসন্নকুমার ঠাকুর, (গ) রাজা রামমোহন রায়, (ঘ) দ্বারকানাথ ঠাকুর।

১.১০ হিন্দুমেলার সম্পাদক ছিলেন — (ক) নবগোপাল মিত্র, (খ) গণেন্দ্রনাথ ঠাকুর, (গ) রাজনারায়ণ বসু, (ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর।

১.১১ বাংলা ভাষায় প্রথম বই ছাপা হয় — (ক) ১৫৫৬ খ্রিস্টাব্দে, (খ) ১৭৭৮ খ্রিস্টাব্দে, (গ) ১৭৮৫ খ্রিস্টাব্দে, (ঘ) ১৮০০ খ্রিস্টাব্দে।

১.১২ বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট-এর প্রথম অধ্যক্ষ ছিলেন —
(ক) অরবিন্দ ঘোষ, (খ) সতীশচন্দ্র বসু, (গ) যোগেশচন্দ্র ঘোষ, (ঘ) প্রমথনাথ বসু।

১.১৩ 'দেশপ্রাণ' নামে পরিচিত ছিলেন — (ক) সতীশচন্দ্র সামন্ত, (খ) অশ্বিনীকুমার দত্ত, (গ) বীরেন্দ্রনাথ শাসমল, (ঘ) যতীন্দ্রমোহন সেনগুপ্ত।

১.১৪ মোপালা বিদ্রোহ (১৯২১ খ্রিস্টাব্দ) হয়েছিল —
(ক) মালাবার উপকূলে, (খ) কোঙ্কণ উপকূলে, (গ) গোদাবরী উপত্যকায়, (ঘ) তেলেঙ্গানা অঞ্চলে।

১.১৫ 'মিরাট ষড়যন্ত্র মামলা' (১৯২৯ খ্রিস্টাব্দ) হয়েছিল —
(ক) জাতীয় কংগ্রেসের বিরুদ্ধে, (খ) বিপ্লবীদের বিরুদ্ধে, (গ) শ্রমিক নেতাদের বিরুদ্ধে, (ঘ) কৃষক নেতাদের বিরুদ্ধে।

১.১৬ 'নারী সত্যাগ্রহ সমিতি' প্রতিষ্ঠিত হয়েছিল — (ক) বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনের সময়ে, (খ) অসহযোগ আন্দোলনের সময়ে, (গ) আইন অমান্য আন্দোলনের সময়ে, (ঘ) ভারত ছাড়ো আন্দোলনের সময়ে।

১.১৭ 'মাস্টারদা' নামে পরিচিত ছিলেন — (ক) বেণীমাধব দাস, (খ) সূর্য সেন, (গ) কৃষ্ণকুমার মিত্র, (ঘ) হেমচন্দ্র ঘোষ।

১.১৮ মাদ্রাজে 'আত্মসম্মান আন্দোলন' শুরু করেন —
(ক) রামস্বামী নাইকার, (খ) নারায়ণ গুরু, (গ) ভীমরাও আম্বেদকর, (ঘ) গান্ধিজি।

১.১৯ স্বাধীনতার প্রাক্কালে ভারতের সবচেয়ে বড়ো দেশীয় রাজ্য ছিল — (ক) কাশ্মীর, (খ) জুনাগড়, (গ) হায়দরাবাদ, (ঘ) জয়পুর।

১.২০ পুনর্গঠিত কেরল রাজ্যটি অবস্থিত ছিল —
(ক) গোদাবরী উপত্যকায়, (খ) দক্ষিণ ওড়িশায়, (গ) কাথিয়াবাড় উপদ্বীপে, (ঘ) মালাবার উপকূলে।

## বিভাগ-খ

**২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও)** ১×১৬=১৬

**উপবিভাগ ২.১ একটি বাক্যে উত্তর দাও :**

২.১.১ বিপিনচন্দ্র পালের আত্মজীবনী গ্রন্থের নাম কী? ২.১.২ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে ছিলেন? ২.১.৩ কত খ্রিস্টাব্দে 'নীল কমিশন' গঠিত হয়? ২.১.৪ 'বর্ণপরিচয়' কে রচনা করেন?

**উপবিভাগ ২.২ ঠিক বা ভুল নির্ণয় করো :**

২.২.১ 'নদীয়া কাহিনী' গ্রন্থটি 'শহরের ইতিহাস'-এর অন্তর্গত। ২.২.২ বাবা রামচন্দ্র ছিলেন ব্রাহ্মসমাজের নেতা। ২.২.৩ ফরওয়ার্ড ব্লক প্রতিষ্ঠা করেন সুভাষচন্দ্র বসু। ২.২.৪ লক্ষ্মীর ভান্ডার প্রতিষ্ঠা করেন বাসন্তী দেবী।

**উপবিভাগ ২.৩ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| 'ক' স্তম্ভ | | 'খ' স্তম্ভ | |
|---|---|---|---|
| ২.৩.১ | টমাস ব্যাবিংটন মেকলে | (১) | ল্যান্ডহোল্ডার্স সোসাইটি |
| ২.৩.২ | কেশবচন্দ্র সেন | (২) | বর্তমান ভারত |
| ২.৩.৩ | রাজা রাধাকান্ত দেব | (৩) | পাশ্চাত্য শিক্ষা |
| ২.৩.৪ | স্বামী বিবেকানন্দ | (৪) | নববিধান |

**উপবিভাগ ২.৪ প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো :**

২.৪.১ বাংলায় ওয়াহাবি আন্দোলনের কেন্দ্র বারাসত, ২.৪.২ নীল বিদ্রোহের অন্যতম কেন্দ্র যশোহর-নদিয়া, ২.৪.৩ মহাবিদ্রোহের (১৮৫৭) অন্যতম কেন্দ্র মিরাট, ২.৪.৪ পুনর্গঠিত রাজ্য (১৯৬০) মহারাষ্ট্র।

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

**উপবিভাগ ২.৫ নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :**

২.৫.১ বিবৃতি : হ্যালহেড তাঁর বাংলা ব্যাকরণ গ্রন্থ লেখেন এদেশীয় ইংরেজ কর্মচারীদের বাংলা ভাষা শেখাবার জন্য।

ব্যাখ্যা ১ : কারণ, এদেশের ইংরেজ কর্মচারীরা বাংলা ভাষা ও সাহিত্যের অনুরাগী ছিলেন।

ব্যাখ্যা ২ : কারণ, বাংলা ভাষা না জানলে ইংরেজ কর্মচারীদের পদোন্নতি হত না।

ব্যাখ্যা ৩ : কারণ, এদেশে বাণিজ্য ও প্রশাসন চালাবার জন্য ইংরেজ কর্মচারীদের বাংলা ভাষা আয়ত্ত করা প্রয়োজন ছিল।

২.৫.২ বিবৃতি : বারদৌলি সত্যাগ্রহ অনুষ্ঠিত হয় ১৯২৮ খ্রিস্টাব্দে।

ব্যাখ্যা ১ : এই আন্দোলন ছিল ভূস্বামী ধনী কৃষকদের অত্যাচারের বিরুদ্ধে ভূমিহীন দরিদ্র কৃষি-শ্রমিকদের আন্দোলন।

ব্যাখ্যা ২ : এই আন্দোলন ছিল ভূমি-রাজস্ব বৃদ্ধির প্রতিবাদে সরকারের বিরুদ্ধে ভূস্বামী ধনী কৃষকশ্রেণির আন্দোলন।

ব্যাখ্যা ৩ : এই আন্দোলন ছিল ভূমি-রাজস্ব বৃদ্ধির প্রতিবাদে ভূস্বামী ধনী কৃষকশ্রেণি এবং ভূমিহীন দরিদ্র কৃষকশ্রেণির মিলিত আন্দোলন।

২.৫.৩ বিবৃতি : ভারত ছাড়ো আন্দোলনের (১৯৪২) সময়ে ভোগেশ্বরী ফুকোননী পুলিশের গুলিতে মৃত্যুবরণ করেন।

ব্যাখ্যা ১ : ভোগেশ্বরী ফুকোননী পুলিশের সঙ্গে সশস্ত্র সংগ্রামে মারা যান।

ব্যাখ্যা ২ : পলাতকা বিপ্লবী ভোগেশ্বরী ফুকোননী আত্মসমর্পণ করতে অস্বীকৃত হলে পুলিশ তাঁকে গুলি করে।

ব্যাখ্যা ৩ : ভোগেশ্বরী ফুকোননী অসমের নওগাঁ জেলার পুলিশ থানায় জাতীয় পতাকা উত্তোলনের চেষ্টা করলে পুলিশের গুলিতে মারা যান।

২.৫.৪ বিবৃতি : সাম্প্রদায়িক বাঁটোয়ারার (১৯৩২) মাধ্যমে অনুন্নত শ্রেণিদের পৃথক নির্বাচনের ব্যবস্থা করা হলে গান্ধিজি তার প্রতিবাদে আমরণ অনশন শুরু করেন।

ব্যাখ্যা ১ : গান্ধিজি ছিলেন অনুন্নত শ্রেণিদের নির্বাচনি অধিকারের বিরোধী।

ব্যাখ্যা ২ : হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিভেদ তৈরির প্রতিবাদে গান্ধিজি অনশন করেন।

ব্যাখ্যা ৩ : জাতীয় কংগ্রেসের নির্দেশে গান্ধিজি প্রতিবাদী অনশন করেছিলেন।

## বিভাগ-গ

**৩. দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো ১১টি)** ২×১১=২২

৩.১ আধুনিক ভারতের ইতিহাসচর্চার উপাদানরূপে 'সরকারি নথিপত্র'-এর সীমাবদ্ধতা কী?

৩.২ আত্মজীবনী এবং স্মৃতিকথা বলতে কী বোঝো?

৩.৩ এদেশে পাশ্চাত্য শিক্ষাবিস্তারে খ্রিস্টান মিশনারিদের প্রধান উদ্দেশ্য কী ছিল?

৩.৪ 'নববিধান' কী?

৩.৫ চুয়াড় বিদ্রোহের (১৭৯৮-১৭৯৯) গুরুত্ব কী ছিল?

৩.৬ ফরাজি আন্দোলন কি নিছক ধর্মীয় আন্দোলন ছিল?

৩.৭ 'ল্যান্ডহোল্ডার্স সোসাইটি' কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়?

৩.৮ উনিশ শতকে জাতীয়তাবাদের উন্মেষে 'আনন্দমঠ' উপন্যাসটির কীরূপ অবদান ছিল?

৩.৯ বাংলার সাংস্কৃতিক জীবনে ছাপাখানার বিকাশের প্রভাব কতটা?

৩.১০ ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থা ত্রুটিপূর্ণ ছিল কেন?

৩.১১ মোপালা বিদ্রোহের (১৯২১ খ্রিস্টাব্দ) কারণ কী?

৩.১২ কী উদ্দেশ্যে কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়?

৩.১৩ ১৯০৫ খ্রিস্টাব্দের ১৬ অক্টোবর বাংলার নারী সমাজ কেন অরন্ধন পালন করে?

৩.১৪ ননীবালা দেবী স্মরণীয় কেন?

৩.১৫ সর্দার প্যাটেলকে 'ভারতের লৌহমানব' বলা হয় কেন?

৩.১৬ কী পরিস্থিতিতে রাজ্য পুনর্গঠন কমিশন (১৯৫৩) গঠিত হয়েছিল?

## বিভাগ-ঘ

**৪. সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে)** ৪×৬=২৪

**উপবিভাগ ঘ.১**

৪.১ 'উডের নির্দেশনামা' (১৮৫৪)-কে এদেশের শিক্ষাবিস্তারের 'মহাসনদ' বলা হয় কেন?

৪.২ শ্রীরামকৃষ্ণের 'সর্বধর্মসমন্বয়'-এর আদর্শ ব্যাখ্যা করো।

**উপবিভাগ ঘ.২**

৪.৩ মহাবিদ্রোহের (১৮৫৭) প্রতি শিক্ষিত বাঙালি সমাজের মনোভাব কীরূপ ছিল?

৪.৪ ভারতসভার প্রতিষ্ঠা ও বিকাশে সুরেন্দ্রনাথ ব্যানার্জির ভূমিকা বিশ্লেষণ করো।

Madhyamik Question Papers .COM

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

**উপবিভাগ ঘ.৩** ৪.৫ বারদৌলি সত্যাগ্রহের প্রতি জাতীয় কংগ্রেসের কীরূপ মনোভাব ছিল?

৪.৬ বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনের সময়ে শ্রমিক শ্রেণির ভূমিকা কীরূপ ছিল?

**উপবিভাগ ঘ.৪** ৪.৭ জুনাগড় রাজ্যটি কীভাবে ভারতভুক্ত হয়?

৪.৮ উদ্‌বাস্তু সমস্যা সমাধানে ভারত সরকার কী কী উদ্যোগ গ্রহণ করে?

## বিভাগ-ঙ

**৫. পনেরো বা ষোলোটি বাক্যে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৮×১=৮

৫.১ উনিশ শতকের প্রথমার্ধে সতীদাহপ্রথাবিরোধী প্রচেষ্টাগুলির পরিচয় দাও। রামমোহন রায় কীভাবে সতীদাহপ্রথাবিরোধী আন্দোলনকে সাফল্যমণ্ডিত করেন? ৩+৫

৫.২ রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাচিন্তা ও শান্তিনিকেতন ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৩

৫.৩ বাংলায় নমঃশূদ্র আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও।

# Madhyamik Examination - 2022

## বিভাগ-ক

**১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :** ১×২০=২০

১.১ সত্যজিৎ রায় যুক্ত ছিলেন — (ক) খেলার ইতিহাসে, (খ) শহরের ইতিহাসে, (গ) নারীর ইতিহাসে, (ঘ) শিল্পচর্চার ইতিহাসে।

১.২ রেশম আবিষ্কৃত হয় প্রাচীন — (ক) ভারতে, (খ) রোমে, (গ) পারস্যে, (ঘ) চিন দেশে।

১.৩ 'নিষিদ্ধ শহর' বলা হয় — (ক) লাসাকে, (খ) বেইজিংকে, (গ) রোমকে, (ঘ) কনস্ট্যান্টিনোপলকে।

১.৪ 'বঙ্গদর্শন' সাময়িকপত্রটি ছিল একটি — (ক) সাপ্তাহিক পত্রিকা, (খ) পাক্ষিক পত্রিকা, (গ) মাসিক পত্রিকা, (ঘ) বাৎসরিক পত্রিকা।

১.৫ 'নীলদর্পণ' নাটকটি ছাপা হয়েছিল — (ক) নদিয়াতে, (খ) ঢাকায়, (গ) শ্রীরামপুরে, (ঘ) কলকাতায়।

১.৬ রামমোহন রায়-এর পরবর্তীকালে ব্রাহ্মসমাজ পরিচালনা করেন —
(ক) অক্ষয়কুমার দত্ত, (খ) দেবেন্দ্রনাথ ঠাকুর, (গ) রামচন্দ্র বিদ্যাবাগীশ, (ঘ) তারাচাঁদ চক্রবর্তী।

১.৭ বাঙালি পরিচালিত প্রথম বাংলা সংবাদপত্রটি হল —
(ক) সমাচার দর্পণ, (খ) সংবাদ প্রভাকর, (গ) ব্রাহ্মণ সেবধি, (ঘ) বাঙ্গাল গেজেটি।

১.৮ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলিম স্নাতক ছিলেন —
(ক) সৈয়দ আমির আলি, (খ) আবদুল লতিফ, (গ) দেলওয়ার হোসেন আহমেদ, (ঘ) সৈয়দ আহমদ।

১.৯ ঔপনিবেশিক অরণ্য আইনের বিরুদ্ধে সংঘটিত একটি আদিবাসী বিদ্রোহ হল —
(ক) সন্ন্যাসী-ফকির বিদ্রোহ, (খ) চুয়াড় বিদ্রোহ, (গ) কোল বিদ্রোহ, (ঘ) রম্পা বিদ্রোহ।

১.১০ 'সন্ন্যাসী বিদ্রোহ' কথাটি প্রথম ব্যবহার করেন —
(ক) ভিনসেন্ট স্মিথ, (খ) জেমস মিল, (গ) ওয়ারেন হেস্টিংস, (ঘ) লর্ড কর্নওয়ালিশ।

১.১১ সবচেয়ে দীর্ঘস্থায়ী কৃষক বিদ্রোহটি হল —
(ক) চুয়াড় বিদ্রোহ, (খ) ফরাজি আন্দোলন, (গ) সন্ন্যাসী-ফকির বিদ্রোহ, (ঘ) সাঁওতাল বিদ্রোহ।

১.১২ মির নিশার আলি নেতৃত্ব দিয়েছিলেন —
(ক) বাংলার ওয়াহাবি আন্দোলনে, (খ) ফরাজি আন্দোলনে, (গ) সন্ন্যাসী-ফকির বিদ্রোহে, (ঘ) নীল বিদ্রোহে।

১.১৩ 'রাষ্ট্রগুরু' নামে পরিচিত ছিলেন—(ক) রামমোহন রায়, (খ) রাজনারায়ণ বসু, (গ) নবগোপাল মিত্র, (ঘ) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

১.১৪ মহাবিদ্রোহকে (১৮৫৭) 'কৃষক বিদ্রোহ' আখ্যা দিয়েছেন —
(ক) সুরেন্দ্রনাথ সেন, (খ) রমেশচন্দ্র মজুমদার, (গ) শশীভূষণ চৌধুরি, (ঘ) বিনায়ক দামোদর সাভারকর।

১.১৫ আনন্দমোহন বসু ছিলেন ভারতসভার — (ক) প্রতিষ্ঠাতা, (খ) সভাপতি, (গ) সহ-সভাপতি, (ঘ) সচিব।

১.১৬ 'বন্দেমাতরম' সংগীতটি রচনা করেন —
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর, (খ) সত্যেন্দ্রনাথ ঠাকুর, (গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, (ঘ) স্বামী বিবেকানন্দ।

১.১৭ বসু বিজ্ঞান মন্দিরের প্রতিষ্ঠাতা জগদীশচন্দ্র বসু অধ্যাপক ছিলেন —
(ক) গণিতশাস্ত্রের, (খ) রসায়ন শাস্ত্রের, (গ) পদার্থবিদ্যার, (ঘ) উদ্ভিদবিদ্যার।

১.১৮ 'বেঙ্গাল ইঞ্জিনিয়ারিং কলেজ' প্রতিষ্ঠিত হয়েছিল — (ক) ১৮৩৩ খ্রি, (খ) ১৮৫৬ খ্রি, (গ) ১৮৮০ খ্রি, (ঘ) ১৯০৩ খ্রি।

MadhyamikQuestionPapers.COM

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

১.১৯ 'জাতীয় শিক্ষা পরিষদ' (১৯০৬)-এর প্রথম সভাপতি ছিলেন —
(ক) রাসবিহারী ঘোষ, (খ) অরবিন্দ ঘোষ, (গ) তারকনাথ পালিত, (ঘ) সতীশচন্দ্র মুখোপাধ্যায়।

১.২০ 'দিগ্‌দর্শন'-এর সম্পাদক ছিলেন — (ক) উইলিয়ম কেরি, (খ) জোশুয়া মার্শম্যান, (গ) ফেলিক্স কেরি, (ঘ) জন ক্লার্ক মার্শম্যান।

## বিভাগ-খ

**২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও)** ১×১৬=১৬

**উপবিভাগ ২.১ একটি বাক্যে উত্তর দাও :**

২.১.১ কোন্ বছর 'সোমপ্রকাশ'-এর প্রকাশনা সাময়িকভাবে স্থগিত রাখা হয়? ২.১.২ কলকাতার ঔপনিবেশিক স্থাপত্যগুলির যে-কোনো একটি উল্লেখ করো। ২.১.৩ রেভা: জেমস লঙ কোন্ অপরাধে অপরাধী সাব্যস্ত হয়েছিলেন? ২.১.৪ 'বিদ্যাহারাবলী' গ্রন্থটি কে রচনা করেন?

**উপবিভাগ ২.২ ঠিক বা ভুল নির্ণয় করো :**

২.২.১ ভারতে কামান প্রথম ব্যবহৃত হয় পলাশির যুদ্ধে। ২.২.২ ১৯১১ খ্রিস্টাব্দে মোহনবাগান ক্লাব আই এফ এ শিল্ড জয় করেছিল। ২.২.৩ প্রথম বিধবাবিবাহ করেন শ্রীশচন্দ্র ন্যায়রত্ন। ২.২.৪ ল্যান্ডহোল্ডার্স সোসাইটির অন্যতম সম্পাদক ছিলেন প্রসন্নকুমার ঠাকুর।

**উপবিভাগ ২.৩ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| 'ক' স্তম্ভ | | 'খ' স্তম্ভ | |
|---|---|---|---|
| ২.৩.১ | লর্ড রিপন | (১) | জমিদার সভা |
| ২.৩.২ | রামমোহন রায় | (২) | হান্টার কমিশন |
| ২.৩.৩ | দ্বারকানাথ ঠাকুর | (৩) | বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট |
| ২.৩.৪ | তারকনাথ পালিত | (৪) | অ্যাংলো হিন্দু স্কুল |

**উপবিভাগ ২.৪ প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো :**

২.৪.১ নীল বিদ্রোহের অন্যতম কেন্দ্র—নদিয়া, ২.৪.২ কোল বিদ্রোহের এলাকা—ছোটোনাগপুর, ২.৪.৩ মহাবিদ্রোহের (১৮৫৭) অন্যতম কেন্দ্র—দিল্লি, ২.৪.৪ মহাবিদ্রোহের (১৮৫৭) অন্যতম কেন্দ্র — কানপুর।

**উপবিভাগ ২.৫ নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :**

২.৫.১ বিবৃতি : ১৮১৭ খ্রিস্টাব্দে পাশ্চাত্য শিক্ষাবিস্তারের জন্য হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়।
ব্যাখ্যা ১ : এই কলেজে শুধুমাত্র হিন্দু ছাত্রদের প্রবেশাধিকার ছিল।
ব্যাখ্যা ২ : এই কলেজে হিন্দু ও ব্রাহ্ম ছাত্রদের প্রবেশাধিকার ছিল।
ব্যাখ্যা ৩ : এই কলেজে সকল ধর্মের ছাত্রদের প্রবেশাধিকার ছিল।

২.৫.২ বিবৃতি : ঔপনিবেশিক সরকার উপজাতিদের জন্য 'দক্ষিণ-পশ্চিম সীমান্ত এজেন্সি' নামে একটি পৃথক অঞ্চল গঠন করেছিলেন।
ব্যাখ্যা ১ : এটি গঠিত হয়েছিল চুয়াড় বিদ্রোহের পর।
ব্যাখ্যা ২ : এটি গঠিত হয়েছিল কোল বিদ্রোহের পর।
ব্যাখ্যা ৩ : এটি গঠিত হয়েছিল মুন্ডা বিদ্রোহের পর।

২.৫.৩ বিবৃতি : ১৯১৭ খ্রিস্টাব্দে জগদীশচন্দ্র বসু 'বসু বিজ্ঞান মন্দির' প্রতিষ্ঠা করেন।
ব্যাখ্যা ১ : এটি উদ্ভিদবিদ্যা গবেষণার উন্নতির জন্য প্রতিষ্ঠিত হয়।
ব্যাখ্যা ২ : এটি বিজ্ঞান শিক্ষার প্রসারের জন্য প্রতিষ্ঠিত হয়।
ব্যাখ্যা ৩ : এটি বিজ্ঞান গবেষণার উন্নতির জন্য প্রতিষ্ঠিত হয়।

২.৫.৪ বিবৃতি : উনিশ শতকে বাংলার প্রকাশকগণ তাদের বই বিক্রির জন্য ফেরিওয়ালাদের ওপর নির্ভর করতেন।
ব্যাখ্যা ১ : কারণ, বইয়ের দোকান ছিল অত্যন্ত সীমিত।
ব্যাখ্যা ২ : কারণ, বই বিক্রি করাকে নিম্নস্তরের পেশা বলে মনে করা হত।
ব্যাখ্যা ৩ : কারণ, এটি ছিল সম্ভাব্য ক্রেতাদের কাছে পৌঁছোবার সুলভতম ও সহজতম উপায়।

## বিভাগ-গ

**৩. দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো ১১টি)** ২×১১=২২

৩.১ সামরিক ইতিহাসচর্চার গুরুত্ব কী?

৩.২ 'সরকারি নথিপত্র' বলতে কী বোঝায়?

৩.৩ স্কুল বুক সোসাইটি কেন প্রতিষ্ঠিত হয়?

৩.৪ মধুসূদন গুপ্ত স্মরণীয় কেন?

৩.৫ লর্ড হার্ডিঞ্জ-এর 'শিক্ষাবিষয়ক নির্দেশনামা' গুরুত্বপূর্ণ কেন?

MadhyamikQuestionPapers.COM

Downloaded From: Madhyamik Question Papers .COM Absolutely Free

৩.৬ 'বাংলার নবজাগরণ' বলতে কী বোঝায়?
৩.৭ ফরাজি আন্দোলন ব্যর্থ হল কেন?
৩.৮ তিতুমির স্মরণীয় কেন?
৩.৯ শিক্ষিত বাঙালি সমাজের একটি অংশ কেন মহাবিদ্রোহের (১৮৫৭) বিরোধিতা করেছিল?
৩.১০ ব্যঙ্গচিত্র আঁকা হয় কেন?
৩.১১ নবগোপাল মিত্র কে ছিলেন?
৩.১২ উনিশ শতকের বাংলায় জাতীয়তাবাদের বিকাশে বঙ্কিমচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল?
৩.১৩ জাতীয় শিক্ষা পরিষদ কেন প্রতিষ্ঠিত হয়?
৩.১৪ 'বিদ্যাসাগর সাট' বলতে কী বোঝায়?
৩.১৫ বাংলা ছাপাখানার বিকাশে লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী?
৩.১৬ গ্রামীণ শিল্প ও বৃত্তিশিক্ষার প্রসারে রবীন্দ্রনাথ-এর অবদান কীরূপ ছিল?

## বিভাগ-ঘ

**৪. সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ২টি করে প্রশ্নসহ মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে)** ৪×৬=২৪

**উপবিভাগ ঘ.১**
৪.১ উনিশ শতকে বাংলায় নারীশিক্ষা বিস্তারে রাজা রাধাকান্ত দেব কীরূপ ভূমিকা গ্রহণ করেছিলেন?
৪.২ লর্ড মেকলেকে কি এদেশে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তক বলা যায়?
৪.৩ ঔপনিবেশিক সরকার কী উদ্দেশ্যে অরণ্য আইন প্রণয়ন করেছিল?
৪.৪ নীল বিদ্রোহে সংবাদপত্রের ভূমিকা বিশ্লেষণ করো।

**উপবিভাগ ঘ.২**
৪.৫ জাতীয়তাবাদ প্রসারে হিন্দুমেলার ভূমিকা বিশ্লেষণ করো।
৪.৬ 'গোরা' উপন্যাসটিতে রবীন্দ্রনাথের যে জাতীয়তাবাদী ভাবধারার পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করো।
৪.৭ ছাপাখানা বাংলায় শিক্ষাবিস্তারে কীরূপ পরিবর্তন এনেছিল?
৪.৮ বাংলায় ছাপাখানার বিকাশে গঙ্গাকিশোর ভট্টাচার্যের ভূমিকা বিশ্লেষণ করো।

## বিভাগ-ঙ

**৫. পনেরো বা ষোলোটি বাক্যে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও :** ৮×১=৮

৫.১ উনিশ শতকের বাংলায় ধর্মসংস্কার আন্দোলনে রামকৃষ্ণদেবের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।
৫.২ সন্ন্যাসী-ফকির বিদ্রোহের ঐতিহাসিক তাৎপর্য কী ছিল? এই বিদ্রোহ ব্যর্থ হল কেন? ৫+৩
